উপজেলা পরিষদ
জৈন্তাপুর, সিলেট।

উপজেলা পরিষদ, জৈন্তাপুর,সিলেট এর অক্টোবর/২০২৪ইং মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : উম্মে সালিক রুমাইয়া, প্রশাসক, উপজেলা পরিষদ, জৈন্তাপুর, সিলেট।
তারিখ : ১৫/১০/২০২৪ খ্রিষ্টাব্দ
সময় : সকাল ১১.৩০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিস্ট -ক
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিস্ট -খ

সভাপতি আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। অদ্যকার সভার কার্যপত্র মোতাবেক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	বিস্তারিত আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন।	আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীতে কোন রূপ সংশোধনী না থাকায় সভায় অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর,সিলেট।
০২	গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা	উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগন ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান
০৩	বিভিন্ন রাজস্ব ব্যয় অনুমোদন	(ক) উপজেলা নির্বাহী অফিসার নিয়মিত ও নির্ধারিত বিভিন্ন বিল সভায় উপস্থাপন করেন। সভায় উক্ত বিলসমূহ পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ক) আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত বিল সমূহ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।
০৪	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	(ক) উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। (খ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, শাপলা বিলের ওয়াশরুমের অবস্থা খুবই খারাপ। উক্ত ওয়াশরুম মেরামত করা সহ শাপলা বিলে আগতদের বসার স্থান নির্মান করার প্রকল্প নেয়া যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(ক) বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) আলোচনান্তে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের (রাজস্ব উদ্বৃত্ত) খাত হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে পিআইসি পদ্ধতিতে উল্লেখিত প্রকল্প সমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট।

CamScanner

		(গ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, জৈন্তিয়া গেইটটি বর্তমানে সংস্কার ও কিছু মেরামত করা প্রয়োজন। উক্ত সংস্কার ও মেরামত কাজের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	(গ) আলোচনান্তে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের (রাজস্ব উদ্বৃত্ত) খাত হতে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ব্যয়ে পিআইসি পদ্ধতিতে উল্লেখিত প্রকল্প সমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট।
		(ঘ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান, স্থানীয় সরকার বিভাগের বিশেষ বরাদ্দের আওতায় উপজেলা পষিদের অভ্যন্তরে নিম্নে উল্লেখিত ৬টি প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে। ১) উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তা মেরামত- ১০,০০,০০০/- ২) উপজেলা পরিষদের প্রধান ফটকসহ গেইট মেরামত- ৭,০০,০০০/- ৩) উপজেলা পরিষদের নিরাপত্তা ব্যষ্টনী কাটাতার পূর্ণস্থাপন/মেরামত-১০,০০,০০০/- ৪) উপজেলা পরিষদের পুকুর পাড় মেরামত ও গার্ডওয়াল সংস্কার- ১০,০০,০০০/- ৫) উপজেলা পরিষদের আবাসিক ভবন সমূহের পানি সরবরাহের লাইন ও সুয়ারেজ লাইন মেরামত-৮,০০,০০০/- ৬) উপজেলা প্রশাসনিক ভবন সমূহের দরজা জানালা মেরামত ও হল রুমের আসবাবপত্র মেরামত- ১০,০০,০০০/-	(ঘ) আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগের বিশেষ বরাদ্দের আওতায় উপজেলা পষিদের অভ্যন্তরে উল্লেখিত ৬টি প্রকল্প বাস্তবায়ন করার বিষয়ে মন্ত্রনালয়ে পত্র প্রেরণ পূর্বক বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট।
		ঙ) উপজেলা প্রকৌশলী সভাকে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় বাস্তবায়িত বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে উচুঁ-নিচু বেঞ্চ বিতরণের বিষয়টি অবগত করেন। উক্ত প্রকল্পের বিল বাবদ ৮,৭৪,৮৬০/- (আট লক্ষ চুয়াত্তর হাজার আটশত ষাট) টাকার বিল পরিশোধের নিমিত্তে সমুদয় কাগজাদি পিএমইউ-তে প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	ঙ) আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় বাস্তবায়িত বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে উচুঁ-নিচু বেঞ্চ বিতরণের প্রকল্পের বিল বাবদ ৮,৭৪,৮৬০/- (আট লক্ষ চুয়াত্তর হাজার আটশত ষাট) টাকার বিল পরিশোধের নিমিত্তে সমুদয় কাগজাদি পিএমইউ-তে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট।
০৫	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, বিধবা ভাতা প্রদানে অনিয়মের বিষয়ে কিছু অভিযোগ রয়েছে। অভিযোগের	আলোচনান্তে বিধবা ভাতা প্রদানে অনিয়মের অভিযোগের বিষয়ে গঠিত তদন্ত কমিটিকে দ্রুত তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট তদন্ত কমিটি।

CamScanner

		বিষয়ে তদন্ত করে তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত তদন্ত কমিটিকে দ্রুত তদন্ত প্রতিবেদন প্রেরনের জন্য অনুরোধ করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।		
০৬	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের প্রতিনিধি সভাকে জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চেয়ারম্যান, দরবস্ত ইউপি সভায় নতুন করে ডিলার নিয়োগ দেয়ার বিষয়ে দৃষ্টি আকর্ষণ আকর্ষণ করেন। এছাড়া ডিলার নিয়োগে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রত্যয়নপত্র নেয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে খাদ্য গুদামের ডিলার নিয়োগে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রত্যয়নপত্র নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, জৈন্তাপুর,সিলেট।
০৭	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা একাডেমিক সুপারভাইজার সভাকে জানান যে, জাইকা'র অর্থায়নে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অধীনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ডেক্স বেঞ্চ সরবরাহ করা হবে। প্রয়োজনীয়তার প্রেক্ষিতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ডেক্স বেঞ্চ সরবরাহের আবেদন হালনাগাদ করা হয়েছে। সভায় উক্ত ডেস্ক বেঞ্চ সরবরাহের তালিকার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে হালনাগাদকৃত তালিকা মোতাবেক উক্ত ডেক্স বেঞ্চ সরবরাহ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর (ইউজেডজিপি) জৈন্তাপুর,সিলেট।
০৮	বিবিধ	ক) চেয়ারম্যান, ২নং জৈন্তাপুর ইউপি সভাকে জানান যে, ৪নং বাংলা বাজারে প্রচুর বালু রয়েছে। উক্ত স্থান কে বালু মহাল হিসেবে ঘোষনা করে বালু উত্তোলনের অনুমতি দিলে সরকারের অনেক রাজস্ব আদায় হবে এবং এলাকার জনসাধারণ উপকৃত হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। খ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, ৪নং বাংলা বাজারের দোকান ভিট লাইসেন্স আছে কি না বা লাইসেন্স থাকলে নবায়ন করা আছে কি না এ বিষয়টি দেখা প্রয়োজন। সভায় এ বিষয়ে চেয়ারম্যান, ২নং জৈন্তাপুর ইউপি এর দৃষ্টি আকর্ষণ করা হয়।	(ক)আলোচনান্তে চেয়ারম্যান, ২নং জৈন্তাপুর ইউপি কর্তৃক ৪নং বাংলা বাজারে বালু মহাল ঘোষনার প্রয়োজনীয়তার বিষয়ে একখানা আবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত আবেদনের প্রেক্ষিতে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণেরও সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) আলোচনান্তে ৪নং বাংলা বাজারের দোকান ভিট লাইসেন্স আছে কি না বা লাইসেন্স থাকলে নবায়ন করা আছে এ বিষয়ে ইউনিয়ন পরিষদ হতে একটি প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী কর্মকর্তা ও চেয়ারম্যান, ২নং জৈন্তাপুর ইউপি, জৈন্তাপুর,সিলেট। চেয়ারম্যান, ২নং জৈন্তাপুর ইউপি, জৈন্তাপুর,সিলেট।

CamScanner

		গ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের নদীতে যে সকল নৌকা চলাচল করে তাদের মালিকের নাম ও মোবাইল নম্বর এবং নৌকার মাঝির নাম ও মোবাইল নম্বরসহ তালিকা করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(গ) আলোচনান্তে অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের নদীতে যে সকল নৌকা চলাচল করে তাদের মালিকের নাম ও মোবাইল নম্বর এবং নৌকার মাঝির নাম ও মোবাইল নম্বরসহ তালিকা করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ জৈন্তাপুর,সিলেট।
		ঘ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের ট্রাক / পিকআপ / ডিআই মালিকের নাম ও মোবাইল নম্বর এবং গাড়ি চালকের নাম ও মোবাইল নম্বরসহ তালিকা করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(ঘ) আলোচনান্তে অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের ট্রাক / পিকআপ / ডিআই মালিকের নাম ও মোবাইল নম্বর এবং গাড়ি চালকের নাম ও মোবাইল নম্বরসহ তালিকা করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ জৈন্তাপুর,সিলেট।
		ঙ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় যে সকল ষ্টোন ক্রাশার মেশিনে অবৈধভাবে উত্তোলিত পাথর ভাঙ্গা হয় ঐ সকল ষ্টোন ক্রাশার মেশিন বন্ধ করা প্রয়োজন। যদি কোন ষ্টোন ক্রাশারে তামাবিল স্থল বন্দর বা বৈধভাবে আসা পাথর ভাঙ্গা হয় তবে তাদের পাথর বৈধ ভাবে আসার প্রমানস্বরূপ বৈধ কাগজাদি সংরক্ষণ করতে হবে। বিষয়টি সকল ষ্টোন ক্রাশার মালিকদের জানিয়ে দেয়ার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(ঙ) আলোচনান্তে অত্র উপজেলায় যে সকল ষ্টোন ক্রাশার মেশিনে অবৈধভাবে উত্তোলিত পাথর ভাঙ্গা হয় ঐ সকল ষ্টোন ক্রাশার মেশিন বন্ধ করা হবে এবং যদি কোন ষ্টোন ক্রাশারে তামাবিল স্থল বন্দর বা বৈধভাবে আসা পাথর ভাঙ্গা হয় তবে তাদের পাথর বৈধ ভাবে আসার প্রমানস্বরূপ বৈধ কাগজাদি সংরক্ষণের বিষয়ে ষ্টোন ক্রাশার মালিকদের জানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ জৈন্তাপুর,সিলেট।
		চ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে বটতলার পূর্ব পাশে উপজেলা শিল্পকলা একাডেমীর জন্য একটি দোচালা টিনের ভবণ নির্মান করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	চ) আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে বটতলার পূর্ব পাশে উপজেলা শিল্পকলা একাডেমীর জন্য একটি দোচালা টিনের ভবণ নির্মান করার বরাদ্দ প্রদানের জন্য জেলা প্রশাসক, সিলেট মহোদয় বরাবর পত্র প্রেরণ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত	উপজেলা নির্বাহী কর্মকর্তা জৈন্তাপুর,সিলেট।

CamScanner

			হয়।	
		ছ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা শিল্পকলা একাডেমির এডহক কমিটির বিষয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এডহক কমিটি অনুমোদন হওয়ার আগ পর্যন্ত উপদেষ্টা কমিটির মাধ্যমে শিল্পকলা একাডেমির কার্যক্রম পরিচালনা করা যেতে পারে। এ বিষয়ে তিনি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।	ছ) আলোচনান্তে উপজেলা শিল্পকলা একাডেমির এডহক কমিটি অনুমোদন হওয়ার আগ পর্যন্ত উপদেষ্টা কমিটির মাধ্যমে শিল্পকলা একাডেমির কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী কর্মকর্তা জৈন্তাপুর,সিলেট। ও সংশ্লিষ্ট সকল।
		জ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদের হলরুম বিভিন্ন সময় বিভিন্ন সাংগঠনিক বা বেসরকারী বিভিন্ন ধরনের প্রোগ্রামের জন্য অনুমতি দেয়া হয়। অনেক প্রোগ্রাম শেষ হতে নির্ধারিত সময়ের বেশি সময় লাগে। ফলে উপজেলা পরিষদের হলরুমের কারেন্ট বিল বেশি আসে। তাই আগামী বছরের শুরু থেকে হলরুমে বিভিন্ন প্রোগ্রামের জন্য ঘন্টা ভিত্তিক ভাড়া নির্ধারণ করা যেতে পারে। উক্ত ভাড়ার তালিকা হলরুমের সম্মুখে স্থাপন করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	জ) আলোচনান্তে ২০২৫ইং সনের ১লা জানুয়ারি হতে উপজেলা পরিষদের হলরুমে বিভিন্ন প্রোগ্রামের জন্য ঘন্টা ভিত্তিক ভাড়া নির্ধারণ করাসহ ঘন্টা ভিত্তিক ভাড়া নির্ধারণের এবং উক্ত ভাড়ার তালিকা হলরুমের সম্মুখে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী কর্মকর্তা জৈন্তাপুর,সিলেট।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/১০/২০২৪

উম্মে সালিক রুমাইয়া
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
জৈন্তাপুর, সিলেট।

CamScanner

স্মারক নং-০৫.৪৬.৯১৫৩.০০৩.০৩.২০১৭.১৪.৩৪০৬(৪০) তারিখ : ১৫ / ১০ / ২০২৪খ্রি.

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। উপজেলা ---------- কর্মকর্তা (সকল), জৈন্তাপুর, সিলেট।
০৫। চেয়ারম্যান, ---------- (সকল), জৈন্তাপুর, সিলেট।
০৬। অফিস কপি।

১৫/১০/২০২৪
উম্মে সালিক রুমাইয়া
উপজেলা নির্বাহী অফিসার
জৈন্তাপুর, সিলেট।

পরিশিষ্ট 'ক'

৬ষ্ঠ উপজেলা পরিষদের অক্টোবর/২০২৪ ইং মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর :

(স্বাক্ষরের ক্রমানুসারে)

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব ফখরুল ইসলাম	চেয়ারম্যান, ২নং জৈন্তাপুর ইউপি	স্বাক্ষরিত
০২	জনাব বাহারুল আলম বাহার	চেয়ারম্যান, ৪নং দরবস্ত ইউপি	স্বাক্ষরিত
০৩	জনাব মোঃ সুলতান করিম	চেয়ারম্যান, ৩নং চারিকাটা ইউপি	স্বাক্ষরিত
০৪	জনাব ডাঃ হাসিন আহমেদ চৌধুরী	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	স্বাক্ষরিত
০৫	জনাব মোঃ আমিনুজ্জামান চৌধুরী	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	স্বাক্ষরিত
০৬	জনাব মোঃ শাহ আলম	প্রতিনিধি (সুপারভাইজার), উপজেলা সমাজসেবা অফিস	স্বাক্ষরিত
০৭	জনাব মোঃ আজিজুর রহমান	ইউডিএফ, এলজিডি	স্বাক্ষরিত
০৮	জনাব সবিতা দেব	খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর	স্বাক্ষরিত
০৯	জনাব হেপী রাণী সরকার	উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষিকা	স্বাক্ষরিত
১০	জনাব তাসলিমা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	স্বাক্ষরিত
১১	জনাব মোঃ আল আমিন	প্রতিনিধি, ফায়ার সার্ভিস, জৈন্তাপুর	স্বাক্ষরিত
১২	জনাব মোঃআহসান হাবীব	এজিএম (এমএস), সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২	স্বাক্ষরিত
১৩	জনাব মোঃ আবেদ হোসেন	উপজেলা শিক্ষা কর্মকর্তা	স্বাক্ষরিত
১৪	জনাব মোঃ রুহুল আমিন	উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)	স্বাক্ষরিত
১৫	জনাব মোঃ মিজানুর রহমান	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	স্বাক্ষরিত
১৬	জনাব এ,কে,এম রিয়াজ মাহমুদ	উপজেলা প্রকৌশলী (এলজিইডি)	স্বাক্ষরিত
১৭	জনাব অলিউর রহমান	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও	স্বাক্ষরিত
১৮	জনাব মোঃ আজিজুল হক খোকন	উপজেলা একাডেমিক সুপারভাইজার	স্বাক্ষরিত
১৯	জনাব ডাঃ মোঃ সাইফুল ইসলাম	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা	স্বাক্ষরিত
২০	জনাব মোঃ আবুল কালাম	উপজেলা নির্বাচন কর্মকর্তা	স্বাক্ষরিত
২১	জনাব রফিক আহমদ	চেয়ারম্যান, ৫নং ফতেপুর ইউপি	স্বাক্ষরিত
২২	জনাব মোঃ ইন্তাজ আলী	চেয়ারম্যান, ১নং নিজপাট ইউপি	স্বাক্ষরিত

পরিশিষ্ট-খ

উপজেলা পরিষদের অক্টোবর/২০২৪ইং মাসের মাসিক সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ :

(জেষ্টতার ভিত্তিতে নহে)

১) চেয়ারম্যান, ৬নং চিকনাগুল ইউপি, জৈন্তাপুর,সিলেট।
২) উপজেলা কৃষি কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
৩) উপজেলা সমবায় কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
৪) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
৫) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
৬) রেঞ্জ কর্মকর্তা, সারী রেঞ্জ , জৈন্তাপুর,সিলেট।

CamScanner